অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-৬

স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.১০.০০৪.২০১৪-২১৯

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪২৭
১০ আগস্ট ২০২০

**বিষয় ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র ঃ জননিরাপত্তা বিভাগের স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.১০.০০৪.২০১৪-২১৪ তারিখঃ ৩০/০৭/২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান** এঁর ৪৫তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে জননিরাপত্তা বিভাগে ০৬/০৮/২০২০ তারিখ অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভার কার্যবিবরণীর সংশ্লিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ বর্ণনামতে।

১০.০৮.২০২০
(শাহে এলিদ মাইনুল আমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৬৩৩৮।
Email:political6.mha@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সুরক্ষা সেবা বিভাগ/বিদ্যুৎ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই/আনসার ও ভিডিপি/বিজিবি/কোস্টগার্ড/র‍্যাব, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার--------------------------------(সকল)।
৬। কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, ঢাকা।
৯। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১০। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ)
১২। উপ-মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ।
১৩। জেলা প্রশাসক, ----------------------------------(সকল)।
১৪। পুলিশ সুপার, -----------------------------------(সকল)।

অনুলিপি ঃ

১। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (রাজনৈতিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক-৬ অধিশাখা

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে সার্বিক নিরাপত্তার বিষয়ে আইন শৃঙ্খলা সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোস্তাফা কামাল উদ্দীন<br>সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ০৬ আগস্ট ২০২০, দুপুর ১.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের নাম ও পদবি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের যে সকল সদস্য ১৯৭৫ সালের ১৫ আগস্ট নির্মমভাবে ঘাতকের বুলেটে শাহাদত বরণ করেছেন এবং বৈশ্বিক মহামারি কোভিড ১৯ এ যে সকল বাংলাদেশী মৃত্যুবরণ করেছেন তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন পূর্বক আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৬/০৭/২০২০ তারিখে আন্তঃমন্ত্রণালয় ভার্চুয়াল সভায় জাতির পিতার ৪৫তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্ত করা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্তক্রমে জননিরাপত্তা বিভাগে অদ্য সভা আহবান করা হয়েছে। তিনি জাতীয় শোক দিবসের সকল আনুষ্ঠানের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে দায়িত্ব পালনে আহবান জানান।

২। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) জানান যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, বনানী কবরস্থান ও টুঙ্গিপাড়ায় লোক সমাগম হবে। এসব স্থানের সার্বিক নিরাপত্তা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিং, রুটম্যাপ প্রস্তুত এবং প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি ধারাবাহিক ভাবে কার্যপত্র সভায় উপস্থাপন করেন এবং উপস্থিত সকলের বক্তব্য আহবান করেন।

৩। কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ধানমন্ডি, ঢাকা সভাকে জানান যে, গণপূর্ত বিভাগ এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ধানমন্ডিস্থ ৩২ নম্বর সড়ক ও বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংলগ্ন এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্নকরণ এবং রোড মার্কিং এর কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। আগামি ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের পূর্বেই প্যান্ডেল নির্মাণ কাজ সম্পন্ন হবে।

৪। সচিব, বিদ্যুৎ বিভাগ জানিয়েছেন যে, জাতীয় শোক দিবসে দেশব্যাপী নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রচেষ্টা অব্যাহত থাকবে। ধানমন্ডি, বনানী এবং গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বিদ্যুৎ এর ব্যাক-আপ হিসাবে জেনারেটরের ব্যবস্থা করা হবে।

৫। পুলিশ মহাপরিদর্শক সভায় জানান, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, বনানী কবরস্থান এবং টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধি কমপ্লেক্সে ইতোমধ্যে সার্বিক নিরাপত্তা জোরদার করা হয়েছে। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে অদ্য পর্যন্ত আইন-শৃঙ্খলা সংক্রান্ত ২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। কোভিড-১৯, বন্যা এবং জঙ্গি তৎপরতার বিষয়টি আমলে নিয়ে এবারের শোক দিবসের নিরাপত্তা সংক্রান্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তিনি আরও বলেন সামাজিক যোগাযোগ মাধ্যমে সৃষ্ট গুজবের প্রতি বিশেষ নজর রাখাসহ ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং গোয়েন্দা নজরদারি অব্যাহত থাকবে।

৬। সভায়, মহাপরিচালক কোস্ট গার্ড, বিভাগীয় কমিশনার, ঢাকা, মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পুলিশ কমিশনার ডিএমপি, রেঞ্জ ডিআইজি, ঢাকা রেঞ্জ, জেলা প্রশাসক ঢাকা, পুলিশ সুপার ঢাকা এবং মন্ত্রিপরিষদ বিভাগ, র‍্যাব, বিজিবি, আনসার ও ভিডিপি, ডিজিএফআই, এনএসআই এর প্রতিনিধিগণ বক্তব্য রাখেন। মন্ত্রিপরিষদ বিভাগের সকল নির্দেশনা অনুসরণপূর্বক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস পালনে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও কোভিট-১৯ এর কারনে সামাজিক দূরত্ব বজায় রেখে জাতীয় শোক দিবসের কর্মসূচি পালন সংক্রান্ত বিষয়সমূহ উল্লেখ পূর্বক নিজ নিজ দপ্তর ও বিভাগের করণীয় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃনং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে নিরাপত্তা নিশ্চিতকরণ ও অনুষ্ঠানস্থলে ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিং | ১.১) মূল কর্মসূচির অংশ হিসেবে সকাল ৬.৩০ মিনিটে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক গার্ড অফ অনার প্রদান এবং মোনাজাত এ সামাজিক দূরত্ব ও স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক কার্যক্রম পালনে অনুষ্ঠানস্থল ও পার্শ্ববর্তী এলাকায় নিচ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | পুলিশ অধিদপ্তর, বিভাগীয় কমিশনার ঢাকা, ডিএমপি, এসবি, র‍্যাব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, জেলা প্রশাসক, ঢাকা, এসবি, এনএসআই, ডিজিএফআই,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নৌ-পুলিশ |
| | | ১.২) ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণসহ অনুষ্ঠানস্থলে সার্বিক আইনশৃঙ্খলা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | |
| | | ১.৩) মূল আনুষ্ঠানিকতা শেষ না হওয়া পর্যন্ত অনুষ্ঠানস্থল ও সংলগ্ন এলাকাসহ রাসেল স্কয়ার পয়েন্টে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর নির্বিঘ্ন আগমন ও বহির্গমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | ১.৪) ধানমন্ডি লেকে নৌ-পুলিশ ও ফায়ার সার্ভিস কর্তৃক নৌ-টহলের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | ১.৫) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়সহ যে সকল ব্যক্তিবর্গ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে অনুষ্ঠেয় কর্মসূচি শেষে বনানী কবরস্থানে গমন করবেন তাঁদের গাড়ি সহজে বের করা যায় এমন স্থানে পার্কিং-এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | ১.৬) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত বিভিন্ন কমিটি ও উপকমিটির আহবায়কদের গাড়ি সংশ্লিষ্ট সকল অনুষ্ঠানস্থলের মূল গেইট পর্যন্ত প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২. | ঢাকার বনানীস্থ কবরস্থানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে নিরাপত্তা প্রদান | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদাত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাঁপড়ি অর্পণ, ফাতেহা পাঠ ও মোনাজাত অনুষ্ঠানে নিচ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর, ডিএমপি, র‍্যাব, এসবি, এনএসআই, ডিজিএফআই |
| ৩. | গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে নিরাপত্তা প্রদান | ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক গার্ড অব অনার প্রদান এবং মোনাজাত ও বিশেষ দোয়া মাহফিলে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে অনুষ্ঠান আয়োজনে প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান নিশ্চিত করতে হবে। | ডিআইজি, ঢাকা রেঞ্জ, এসবি, জেলা প্রশাসক, গোপালগঞ্জ, পুলিশ সুপার, গোপালগঞ্জ |
| ৪ | শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে সারাদেশব্যাপী আয়োজিতব্য সকল অনুষ্ঠানস্থলে নিরাপত্তা প্রদান | ধানমন্ডির ৩২ নম্বর রোডস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতিস্থল, ঢাকার বনানীস্থ কবরস্থান, গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিস্থলে আয়োজিতব্য অনুষ্ঠানসহ শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে সারাদেশব্যাপী জেলা, উপজেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠন কর্তৃক আয়োজিতব্য সকল অনুষ্ঠানে নিরাপত্তা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর, ডিএমপি, র‍্যাব, এসবি, এনএসআই, ডিজিএফআই, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৫. | ধানমন্ডিমুখী যানবাহন চলাচলের রুটম্যাপ প্রণয়ন ও ভাসমান স্থাপনা উচ্ছেদ করণ | ৫.১) জাতীয় শোক দিবসে বিভিন্ন রুটে যানবাহন চলাচলের রুটম্যাপ পূর্বেই প্রণয়নক্রমে মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট সকল দপ্তরসমূহে সরবরাহ করা যেতে পারে এবং রুটম্যাপ মিডিয়ার মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।<br>৫.২) রুটম্যাপের আওতাভুক্ত বিভিন্ন সড়ক, এপ্রোচ রোড ও ফুটপাত হতে ভাসমান ও অবৈধ স্থাপনা উচ্ছেদ করতে হবে। | ডিএমপি, র‍্যাব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, জেলা প্রশাসক, ঢাকা |
| ৬. | আর্চওয়ে ও সিসিটিভি ক্যামেরা স্থাপন | ৬.১) ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ এবং বনানীস্থ কবরস্থান এলাকায় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক আর্চওয়ে এবং সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে। পুলিশ কমিশনার, ডিএমপিকে এ বিষয়টি সমন্বয়ের দায়িত্ব প্রদান করতে হবে।<br>৬.২) অনুষ্ঠানস্থল এবং আশেপাশের এলাকায় প্রয়োজনীয় সুইপিং এর ব্যবস্থা করতে হবে। | মহাপুলিশ পরিদর্শক, র‍্যাব, পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৭. | অনুষ্ঠানস্থলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ি, ডুবুরি ইউনিট ও এ্যাম্বুলেন্সসহ মেডিকেল টিম এর উপস্থিতি | ৭.১) অনুষ্ঠানস্থলে অগ্নিনির্বাপক যন্ত্রসহ প্রয়োজনীয় সংখ্যক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ি ও জনবলের উপস্থিতি নিশ্চিত করণ পূর্বক এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ি এবং এ্যাম্বুলেন্স যথাস্থানে Stand by রাখতে হবে।<br>৭.২) ধানমন্ডি লেক এবং গোপালগঞ্জগামী রুটের সকল ফেরিঘাটে পর্যাপ্ত সংখ্যক ফায়ার সার্ভিস এর ডুবুরি ইউনিট রাখতে হবে।<br>৭.৩) মেডিকেল টিমের জন্য প্রয়োজনীয় সংখ্যক এ্যাম্বুলেন্স যথাস্থানে Stand by রাখতে হবে। | স্বাস্থ্যসেবা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৮. | র‍্যাবের দৃশ্যমান উপস্থিতি ও টহল অব্যাহত রাখা | ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ, বনানীস্থ কবরস্থান এবং টুঙ্গিপাড়া সমাধিস্থল এলাকাসহ সারা দেশব্যাপী অনুষ্ঠিতব্য বিভিন্ন অনুষ্ঠানে র‍্যাবের দৃশ্যমান উপস্থিতি ও টহল অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, র‍্যাব |
| ৯. | গোয়েন্দা নজরদারি অব্যাহত রাখা | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানে নাশকতা প্রতিরোধে এবং নিরাপত্তা রক্ষায় যথাযথ গোয়েন্দা নজরদারি অব্যাহত রাখতে হবে। | মহাপুলিশ পরিদর্শক, ডিএমপি, র‍্যাব, এসবি, এনএসআই, ডিজিএফআই |
| ১০. | অনুষ্ঠানস্থলে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীণকে এসবি পাস প্রদান | স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের পাশাপাশি অন্যান্য যে সব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা-এর কর্মকর্তা/কর্মচারীগণ জাতীয় শোক দিবসের উল্লেখযোগ্য অনুষ্ঠানস্থলে বিভিন্ন দায়িত্বে নিয়োজিত থাকবেন তাদের সকলকে এসবি পাশ সংগ্রহ করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, জেলা প্রশাসক, গোপালগঞ্জ, পুলিশ সুপার, গোপালগঞ্জসহ সংশ্লিষ্ট সকল |
| ১১. | ফ্ল্যাগ রুলস যথাযথভাবে অনুসরণ | ১৫ আগস্ট ২০২০ তারিখ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। এ ক্ষেত্রে ফ্ল্যাগ রুলস যথাযথভাবে অনুসরণ করতে হবে। জাতীয় পতাকার মাপ সঠিক আছে কি না এবং সঠিকভাবে উহা উত্তোলন করা হচ্ছে কি না, তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ রাখতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি রেঞ্জ (সকল) জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | সাবিক নিরাপত্তা বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনীর সংশ্লিষ্টদের কার্যক্রম সমন্বয় সংক্রান্ত উপ-কমিটি গঠন | আইনশৃঙ্খলা সংক্রান্ত গৃহীত সকল কর্মসূচী, কার্যক্রম, সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়টি সমন্বয় করার লক্ষ্য নিম্নরূপ একটি উপকমিটি গঠন করা হল :<br>(১) অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি) - আহবায়ক<br>(২) পুলিশ অধিদপ্তর এর উপযুক্ত প্রতিনিধি - সদস্য<br>(৩) পুলিশ কমিশনার ডিএমপি এর উপযুক্ত প্রতিনিধি - সদস্য<br>(৪) রেঞ্জ ডিআইজি, ঢাকা রেঞ্জ - সদস্য<br>(৫) অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক এসবি এর প্রতিনিধি - সদস্য | পুলিশ অধিদপ্তর, অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি), ডিএমপি, এসবি, রেঞ্জ ডিআইজি, ঢাকা রেঞ্জ |
| ১৩. | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | সকল অনুষ্ঠানস্থলে নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং উল্লেখযোগ্য অনুষ্ঠানস্থলে বিশেষ করে ধানমন্ডি বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর, বনানী কবরস্থান ও টুঙ্গিপাড়ায় জাতীর পিতার সমাধিস্থলে বিদ্যুতের ব্যাক-আপ হিসেবে উচ্চ ক্ষমতা সম্পন্ন জেনারেটরের ব্যবস্থা করতে হবে। | বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| ১৪ | সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিচালিত কার্যক্রম মনিটরিং | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস উপলক্ষে সামাজিক যোগাযোগ মাধ্যমে যাতে অপপ্রচার চালাতে না পারে সেদিকে আইন-শৃঙ্খলা বাহিনীর নজরদারি বৃদ্ধি করতে হবে। | তথ্য মন্ত্রণালয়, পুলিশ অধিদপ্তর, র‍্যাব, ডিজিএফআই, এনএসআই, এসবি |
| ১৫. | স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ | ১৫.১) কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে জাতীয় শোক দিবসের সকল অনুষ্ঠানস্থলে যথাযথভাবে স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দুরত্ব বজায় রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| | | ১৫.২) সকলকে মাস্ক পরিধান নিশ্চিত করার জন্য অনুরোধ করতে হবে। | |
| | | ১৫.৩) সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা এবং হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে। | |
| | | ১৫.৪) মন্ত্রিপরিষিদ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে জারীকৃত সকল নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করতে হবে। | |

৭। আগামী ১৫ আগস্ট, ২০২০ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে আয়োজিত সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় শান্তিপূর্ণভাবে পালিত হবে মর্মে সভাপতি সভায় দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং ০৯/০৮/২০২০ ইং
(মোস্তাফা কামাল উদ্দীন)
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০. ০১২.০৯.০৪৫.১৭- ৪৮০

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭
১৩ আগস্ট ২০২০

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভার কার্যবিবরণীর বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক অধিশাখা-৬ এর ১০/০৮/২০২০ তারিখের ৪১৬ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণিত সভার কার্যবিবরণীর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত সচিব ..............................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
২। অধিদপ্তর প্রধান ..............................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৩। যুগ্মসচিব.......................................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৫। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৬। উপসচিব/উপপ্রধান.....................................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৭। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান.......................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৮। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। সহকারী সচিব/সহকারী প্রধান..........................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১৩.০৮.২০২০
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোনঃ +৮৮০২ ৪৭১২৪৩৩৭
admin1@ssd.gov.bd

F:\Document 2018\E Folder\ENDORSE-A2 -SSD (Repaired).docxgg.docx